



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-৭৭/৯৫

তারিখ: ০১ আষাঢ় ১৪৩০
১৫ জুন ২০২৩

বিষয়ঃ রিট পিটিশন নং-১২৩১৬/২০২২ এ প্রদত্ত আদেশ মোতাবেক আবেদনকারীর দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে

সূত্র: ১। জনাব মোঃ আব্দুল মতিন (বরখাস্তকৃত সুপার) এর দরখাস্ত তাং ০২/১০/২০২২ খ্রি.;
২। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১২৩১৬/২০২২;
৩। নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-৭৭/৭২; তারিখ: ১৭/০৪/২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সিরাজগঞ্জ জেলার কাজীপুর উপজেলাধীন মাথাইল চাপড়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মোঃ আব্দুল মতিন (বরখাস্তকৃত সুপার) অত্র বোর্ডে অভিযোগ দাখিলসহ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২৩১৬/২০২২ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট গত ০২/১০/২০২২খ্রিঃ তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে দরখাস্তটি নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।

উক্ত দরখাস্ত যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে ০৯/০৫/২০২২খ্রি. তারিখ রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য দরখাস্তকারী জনাব মোঃ আব্দুল মতিন (বরখাস্তকৃত সুপার), ভারপ্রাপ্ত সুপার ও পরিচালনা কমিটির সভাপতিকে সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি জনাব মোহাম্মদ আলী, ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ নুরুল ইসলাম আনছারী এবং বরখাস্তকৃত সুপার জনাব মোঃ আব্দুল মতিন বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন। দাখিলকৃত কাগজপত্র ও বক্তব্য বিস্তারিত পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মোঃ আব্দুল মতিন (বরখাস্তকৃত সুপার) এর সুপারের পদ থেকে অপসারণ প্রক্রিয়া যথাযথ হয়নি।

বর্ণিত অবস্থায় বরখাস্ত বিধি সম্মত না হওয়ায় পত্র জারির পর থেকে মাথাইল চাপড়া দাখিল মাদ্রাসার সুপার পদে জনাব মোঃ আব্দুল মতিন স্বপদে দায়িত্ব পালন করবেন এবং এতদ্বারা মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়ন করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১. সভাপতি, মাথাইল চাপড়া দাখিল মাদ্রাসা, কাজীপুর, সিরাজগঞ্জ;
২. জনাব মোঃ আব্দুল মতিন সুপার, মাথাইল চাপড়া দাখিল মাদ্রাসা, কাজীপুর, সিরাজগঞ্জ;
৩. ভারপ্রাপ্ত সুপার, মাথাইল চাপড়া দাখিল মাদ্রাসা, কাজীপুর, সিরাজগঞ্জ;

নং-বামাশিবো/প্রশা/সিরাজগঞ্জ-৭৭/

তারিখ: ০১ আষাঢ় ১৪৩০
১৫ জুন ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৩. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ;
৪. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ;
৫. মো: শরীফ খান, এ্যাডভোকেট বাংলাদেশ সুপ্রিম কোর্ট,
রুম নং-৮০, মেহেরবা প্লাজা, ৩৩ তোপখানা রোড, পুরানা পল্টন, ঢাকা-১০০০
৫. উপজেলা নির্বাহী অফিসার, কাজীপুর, সিরাজগঞ্জ;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাজীপুর, সিরাজগঞ্জ;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd